অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2026 **গভর্নর ক্যাথি হোকল**

জরুরি সেবাদানকারীদের সহায়তা: গভর্নর হোকল 65টি ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলারের মূলধনি তহবিল প্রদান করলেন

দশটি ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্ট সর্বোচ্চ 1 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান পেয়েছে

V-FIRE Grant প্রোগ্রাম স্থাপনা, জরুরি সাড়া দেওয়ার সক্ষমতা এবং সাড়াদানকারীদের নিরাপত্তা উন্নত করতে সাহায্য করে

নিউ ইয়র্কের ভলান্টিয়ার ফায়ার সার্ভিসকে শক্তিশালী ও স্থিতিশীল করার জন্য গভর্নরের প্রচেষ্টাকে অগ্রসর করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক স্টেটের 65টি ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্ট এবং ডিস্ট্রিক্টের জন্য স্থাপনা, জরুরি সাড়া দেওয়ার সক্ষমতা এবং জরুরি প্রস্তুতি উন্নত করতে 25 মিলিয়ন মার্কিন ডলারের মূলধনি তহবিল দেওয়ার ঘোষণা করেছেন। দশটি ডিপার্টমেন্ট সর্বোচ্চ 1 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান পেয়েছে। এর আগে 2024 সালের অক্টোবরে 88টি ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টকে দেওয়া 25 মিলিয়ন মার্কিন ডলারের উপর ভিত্তি করে এই বিনিয়োগ করা হয়েছে। প্রায় অর্ধেক নিউ ইয়র্কবাসী অগ্নিনিরাপত্তা এবং জরুরি সাড়ার জন্য ভলান্টিয়ার দমকলকর্মীর উপর নির্ভর করে, তাই এই অনুদান প্রোগ্রামটি বাড়তে থাকা সরঞ্জাম ও নির্মাণ খরচের আর্থিক চাপ কমাতে সাহায্য করে, যা নিশ্চিত করে যাতে স্থানীয় করদাতাদের এই অপরিহার্য নিরাপত্তা উন্নয়নের পুরো খরচ বহন করতে না হয়।

স্টেটের কমিউনিটিগুলিতে ভলান্টিয়ার দমকলকর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকা স্বীকার করে, গভর্নর Hochul (হোকল) প্রশিক্ষণ, সরঞ্জাম এবং স্থাপনার উন্নয়নে রেকর্ড বিনিয়োগের মাধ্যমে নিউ ইয়র্কের ভলান্টিয়ার ফায়ার সার্ভিসকে শক্তিশালী ও স্থিতিশীল করাকে অগ্রাধিকার দিয়েছেন।

"আমাদের ভলান্টিয়ার দমকলকর্মীরা দিনরাত ডাক পেলে সাড়া দেন, নিউ ইয়র্ক এই বিনিয়োগগুলি কমিউনিটিগুলিকে নিরাপদ রাখেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ভলান্টিয়ার দমকলকর্মীদের জন্য V-FIRE অনুদান তহবিলে অতিরিক্ত 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যাতে আমাদের স্থানীয় নায়কেরা আধুনিক স্থাপনা, উন্নত সরঞ্জাম এবং ডাক পেলে দ্রুত ও নিরাপদে সাড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম দিয়ে সজ্জিত থাকবেন।"

স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) পরিচালিত Volunteer Fire Infrastructure & Response Equipment (V-FIRE) অনুদান প্রোগ্রামটি নিম্নলিখিত উদ্দেশ্যগুলির মাধ্যমে স্থাপনা এবং জরুরি সাড়া দেওয়ার সক্ষমতা উন্নত ও আধুনিক করার মাধ্যমে ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টগুলিকে সমর্থন করে:

- **স্থাপনার উন্নয়ন:** নতুন বা বিদ্যমান ফায়ার স্টেশন, ক্লাসরুম, মিটিং স্পেস, বা প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ অথবা সংস্কারের জন্য তহবিল প্রদান করা যাতে সেগুলিকে নিরাপদ, কাঠামোগতভাবে মজবুত, বর্তমান বিল্ডিং কোড অনুযায়ী রাখা নিশ্চিত করা যায়, এবং নিরাপদ অগ্নিনির্বাপণ চর্চার প্রচার করা যায়।
- **সরঞ্জাম কেনা:** হালনাগাদ ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (personal protective equipment, PPE), PPE ওয়াশার ও ড্রায়ার, জীবাণুমুক্তকরণ সরঞ্জাম ও সাপ্লাই, এবং কার্যকর এক্সহস্ট অপসারণ ব্যবস্থা প্রদান করে দমকলকর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং সুস্থতাকে সমর্থন করা।

এছাড়াও, V-FIRE অনুদানগুলি আঞ্চলিকীকরণ উদ্যোগের মাধ্যমে ফায়ার সার্ভিসের সংস্থান একত্র করাকে সমর্থন করে, যা স্থানীয়, কাউন্টি, এবং স্টেটের পারস্পরিক সহায়তার জরুরি সাড়াদান জোরদার করতে ডিপার্টমেন্টগুলিকে প্রচলিত জুরিসডিকশনাল সীমানার বাইরে তাদের সক্ষমতা বাড়ানোর সুযোগ দেয়।

অনুদান তহবিলের এই রাউন্ডের মাধ্যমে বড় ধরনের মূলধনি সংস্কারের জন্য দশটি ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্ট সর্বোচ্চ 1,000,000 মার্কিন ডলারের অনুদান পেয়েছে:

- সেনেট ফায়ার ডিস্ট্রিক্ট (Sennett Fire District), ক্যাইউগা (Cayuga) কাউন্টি
- Volney Volunteer Fire Corporation, ওসওয়েগো (Oswego) কাউন্টি
- Farmington Volunteer Fire Association, Inc., অন্টারিও (Ontario) কাউন্টি
- টিভলি (Tivoli) গ্রাম, ডাচেস (Dutchess) কাউন্টি
- ব্রিকফিল্ড স্প্রিংস গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Richfield Springs Fire Department), ওটসেগো (Otsego) কাউন্টি
- ওয়েস্ট এডমেস্টন ফায়ার ডিসট্রিক্ট (West Edmeston Fire District), ওটসেগো কাউন্টি
- অ্যাডামস সেন্টার ফায়ার ডিস্ট্রিক্ট (Adams Center Fire District), জেফার্সন (Jefferson) কাউন্টি
- পোর্ট হেনরি ফায়ার ডিস্ট্রিক্ট #3 (Port Henry Fire District #3), এসেক্স (Essex) কাউন্টি
- Coventry Volunteer Fire Company, Inc., শেনাঙ্গো (Chenango) কাউন্টি
- এঙ্গোলা ফায়ার ডিপার্টমেন্ট (Angola Fire Department), ইরি (Erie) কাউন্টি

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের কমিশনার Terry O'Leary (টেরি ও'লিয়ারি) বলেন, "ভলান্টিয়ার ফায়ার সার্ভিস আমাদের স্টেটের কমিউনিটিগুলিতে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং তাদের ধারাবাহিক সেবার কারণে নিউ ইয়র্ক একটি নিরাপদ স্থান। গভর্নর Hochul (হোকল) প্রশিক্ষণ, সরঞ্জাম এবং ফ্যাসিলিটিতে রেকর্ড বিনিয়োগের মাধ্যমে আমাদের ভলান্টিয়ার দমকলকর্মীদের সহায়তাকে অগ্রাধিকার দিয়েছেন, এবং নিউ ইয়র্কের ভলান্টিয়ার ফায়ার সার্ভিস যাতে শক্তিশালী,

স্থিতিশীল, এবং যেকোনো জরুরি পরিস্থিতিতে সাড়া দেওয়ার জন্য প্রস্তুত থাকে তা নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

New York State County Fire Coordinators Association-এর প্রেসিডেন্ট Bill Streicher (বিল স্ট্রাইকার) বলেন, "নিউ ইয়র্কের V-FIRE অনুদান প্রোগ্রাম আমাদের স্টেটের কমিউনিটিগুলিকে সুরক্ষায় নিজেদের সময় উৎসর্গ করা নারী ও পুরুষদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। বিশেষ করে গ্রামীণ কমিউনিটিগুলিতে, ভলান্টিয়ার দমকলকর্মীেরা জননিরাপত্তার মেরুদণ্ড। এই নিবেদিতপ্রাণ ডিপার্টমেন্টগুলির কাছে প্রয়োজনীয় সরঞ্জাম, স্থাপনা এবং সংস্থান থাকা নিশ্চিত করা শুধু আমাদের ফায়ার ডিপার্টমেন্টগুলির জন্য বিনিয়োগ নয়, বরং এটি নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা ও কল্যাণে বিনিয়োগ।"

গভর্নর Hochul-এর (হোকল) সর্বোচ্চ অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা, এবং স্টেটের কমিউনিটিগুলির নিরাপত্তা ও সুরক্ষা বজায় রাখতে ভলান্টিয়ার দমকলকর্মীেরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। প্রায় নয় মিলিয়ন নিউ ইয়র্কবাসী, অর্থাৎ স্টেটের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক, ভলান্টিয়ার দমকলকর্মীদের সেবা পেয়ে থাকেন। তবুও সাম্প্রতিক বছরগুলিতে, এই ডিপার্টমেন্টগুলির 75 শতাংশের বেশি জানিয়েছে যে ভলান্টিয়ার হিসেবে কাজ করতে আগ্রহী মানুষের সংখ্যা কমে গেছে। এই ঘাটতি আরো বেড়েছে আগুন নেভানোর বাইরেও অন্যান্য আরো দায়িত্ব বাড়ার কারণে, যার মধ্যে আছে যানবাহন দুর্ঘটনা, চিকিৎসা সম্পর্কিত জরুরি অবস্থা, বিপজ্জনক উপাদান ছড়িয়ে পড়া এবং আবহাওয়া সম্পর্কিত উদ্ধার অভিযান। একই সময়ে, 1997 থেকে 2020 সাল পর্যন্ত সেবার জন্য ডাক 29 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টগুলির মূলধনি প্রয়োজনকে সমর্থন করার পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) ভলান্টিয়ার ফায়ার সার্ভিসের মধ্যে নিয়োগ, কর্মী ধরে রাখা এবং পরিচালনাগত চ্যালেঞ্জ মোকাবিলা করে স্টেটের ভলান্টিয়ার ফায়ার সার্ভিসকে আরও শক্তিশালী ও স্থিতিশীল করার উদ্যোগ নিয়েছেন। গভর্নর Hochul (হোকল) এর আগে যুগান্তকারী বিধিমালায় স্বাক্ষর করেছেন যা স্থানীয় সরকারগুলিকে ভলান্টিয়ার ফার্স্ট রেস্পন্ডারদের জন্য সর্বোচ্চ 10 শতাংশ প্রোপার্টি ট্যাক্স ছাড় দেওয়ার অনুমতি দিয়েছেন, প্রথমবারের মতো একটি স্টেটের প্রশিক্ষণ স্টাইপেন্ড প্রোগ্রাম শুরু করেছেন যা 5,500-এর বেশি দমকলকর্মীর প্রশিক্ষণ শেষ করার জন্য ভলান্টিয়ারদের আর্থিকভাবে ক্ষতিপূরণ দিয়েছে, এবং নতুন অতি গুরুত্বপূর্ণ রেভেনিউয়ের উৎস তৈরি করতে জরুরি চিকিৎসা সেবার (emergency medical services, EMS) জন্য বীমা প্রদানকারীদের বিল পাঠানোর জন্য ভলান্টিয়ার ডিপার্টমেন্টগুলিকে অনুমতি দেয়।

নিউ ইয়র্কের ফার্স্ট রেস্পন্ডারদের স্বাস্থ্য এবং লম্বা মেয়াদের নিরাপত্তাকে সুরক্ষিত রাখা গভর্নর Hochul-এর (হোকল) প্রশাসনের একটি মূল ভিত্তি, বিশেষ করে পেশাগত কারণে ক্যানসারের বিরুদ্ধে লড়াইয়ের ক্ষেত্রে। গভর্নর ধারাবাহিকভাবে NYS Volunteer Firefighter Cancer Benefit প্রোগ্রামের পক্ষে জোরালোভাবে কাজ করেছেন, যা ক্যানসারে আক্রান্ত ভলান্টিয়ার দমকলকর্মীদের গুরুত্বপূর্ণ অক্ষমতা ও মৃত্যুকালীন সুবিধা প্রদান করে। উন্নত এক্সহস্ট অপসারণ ব্যবস্থা এবং বিশেষায়িত PPE ডিকনট্যামিনেশন ওয়াশার অর্থায়নের জন্য V-FIRE প্রোগ্রামের সরঞ্জাম ট্র্যাককে কাজে লাগিয়ে, স্টেট সক্রিয়ভাবে কার্সিনোজেনের সংস্পর্শ কমাতে এবং ক্যানসার শুরু হওয়ার আগেই তা প্রতিরোধ করতে কাজ করছে।

অঞ্চলভেদে কে কত অর্থ পেয়েছে তা নিচে দেওয়া হলো:

ক্যাপিটাল রিজিয়ন (৪টি বরাদ্দ, মোট 2,295,926 মার্কিন ডলার)

- ব্যুকেন্ডাল নং 5 ফায়ার ডিস্ট্রিক্ট (Beukendaal No 5 Fire District), স্কেনেকট্যাডি (Schenectady) কাউন্টি, 934,698 মার্কিন ডলার
- ইস্ট স্কডাক ফায়ার ডিস্ট্রিক্ট #1 (East Schodack Fire District #1), রেনসেলার (Rensselaer) কাউন্টি, 383,000 মার্কিন ডলার
- Lebanon Valley Protective Association, Inc., কলাম্বিয়া (Columbia) কাউন্টি, 96,554 মার্কিন ডলার
- স্পিগেলটাউন ফায়ার ডিস্ট্রিক্ট (Speigletown Fire District), রেনসেলার (Rensselaer) কাউন্টি, 318,957 মার্কিন ডলার
- স্ট্যুইভেস্যান্ট ফলস ফায়ার ডিস্ট্রিক্ট (Stuyvesant Falls Fire District), কলাম্বিয়া কাউন্টি, 58,000 মার্কিন ডলার
- ক্যামব্রিজ গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Cambridge Fire Department), ওয়াশিংটন (Washington) কাউন্টি, 314,848 মার্কিন ডলার
- ক্যাটস্কিল গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Catskill Fire Department), গ্রিন (Greene) কাউন্টি, 90,669 মার্কিন ডলার
- মেন্যান্ডস গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Menands Fire Department), অ্যালবানি (Albany) কাউন্টি, 99,200 মার্কিন ডলার

সেন্ট্রাল নিউ ইয়র্ক (৪টি বরাদ্দ, মোট 3,825,749 মার্কিন ডলার)

- ফেয়ার হাভেন ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্ট (Fair Haven Volunteer Fire Department), ক্যাইয়ুগা কাউন্টি, 229,000 মার্কিন ডলার
- কিং ফেরি ফায়ার ডিস্ট্রিক্ট (King Ferry Fire District), ক্যাইয়ুগা কাউন্টি, 824,000 মার্কিন ডলার
- ওসওয়েগো কাউন্টি, ওসওয়েগো কাউন্টি, 400,000 মার্কিন ডলার
- সেনেট ফায়ার ডিস্ট্রিক্ট, ক্যাইয়ুগা কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার
- স্মিথফিল্ড ফায়ার ডিস্ট্রিক্ট (Smithfield Fire District), ম্যাডিসন (Madison) কাউন্টি, 66,875 মার্কিন ডলার
- ক্যাজেনোভিয়া গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Cazenovia Fire Department), ম্যাডিসন কাউন্টি, 253,084 মার্কিন ডলার
- উইডস্পোর্ট (Weedsport) গ্রাম, ক্যাইয়ুগা কাউন্টি, 52,790 মার্কিন ডলার
- Volney Volunteer Fire Corporation, ওসওয়েগো কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার

ফিঙ্গার লেকস (৪টি বরাদ্দ, মোট 2,605,692 মার্কিন ডলার)

- ব্রাঞ্চপোর্ট কিউকা পার্ক ফায়ার ডিস্ট্রিক্ট (Branchport Keuka Park Fire District), ইয়েটস (Yates) কাউন্টি, 475,000 মার্কিন ডলার
- Farmington Volunteer Fire Association, Inc., অন্টারিও কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার
- Kendall Fire Department Inc., অর্লিন্স (Orleans) কাউন্টি, 114,000 মার্কিন ডলার

- জিনেসো (Geneseo) গ্রাম, লিভিংস্টোন (Livingston) কাউন্টি, 19,233 মার্কিন ডলার
- ম্যানচেস্টার গ্রামের ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্ট (Village of Manchester Volunteer Fire Department), অন্টারিও কাউন্টি, 296,000 মার্কিন ডলার
- রেড ক্রিক গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Red Creek Fire Department), ওয়েইন (Wayne) কাউন্টি, 264,741 মার্কিন ডলার
- ওয়াটারলু (Waterloo) গ্রাম, সেনেকা (Seneca) কাউন্টি, 391,331 মার্কিন ডলার
- ওয়াইওমিং (Wyoming) কাউন্টি, ওয়াইওমিং কাউন্টি, 45,387 মার্কিন ডলার

লং আইল্যান্ড (7টি বরাদ্দ, মোট 1,194,425 মার্কিন ডলার)

- Alert Engine Hook Ladder and Hose Co. No. 1, নাসাউ (Nassau) কাউন্টি, 95,000 মার্কিন ডলার
- গ্লেন কোভ (Glen Cove) সিটি, নাসাউ কাউন্টি, 287,324 মার্কিন ডলার
- হ্যালসাইট ফায়ার ডিস্ট্রিক্ট (Halesite Fire District), সাফোক (Suffolk) কাউন্টি, 145,000 মার্কিন ডলার
- হান্টিংটন ম্যানর ফায়ার ডিস্ট্রিক্ট (Huntington Manor Fire District), সাফোক কাউন্টি, 164,601 মার্কিন ডলার
- ইনকর্পোরেটেড অ্যামিটভিলের গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Incorporated Village of Amityville Fire Department), সাফোক কাউন্টি, 125,000 মার্কিন ডলার
- নিউ হাইড পার্ক ফায়ার ডিস্ট্রিক্ট (New Hyde Park Fire District), নাসাউ কাউন্টি, 188,000 মার্কিন ডলার
- লিনব্রুক গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Lynbrook Fire Department, LFD), নাসাউ কাউন্টি, 189,500 মার্কিন ডলার

মিড হাডসন (7টি বরাদ্দ, মোট 2,357,959 মার্কিন ডলার)

- Buchanan Engine Company No 1 Inc., ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টি, 425,000 মার্কিন ডলার
- কাউনেয়োঙ্গা লেক ফায়ার ডিস্ট্রিক্ট (Kauneonga Lake Fire District), সালিভ্যান (Sullivan) কাউন্টি, 82,215 মার্কিন ডলার
- কারহঙ্কসন ফায়ার ডিস্ট্রিক্ট (Kerhonkson Fire District), আলস্টার (Ulster) কাউন্টি, 388,050 মার্কিন ডলার
- পার্ল রিভার ফায়ার ডিস্ট্রিক্ট (Pearl River Fire District), রকল্যান্ড (Rockland) কাউন্টি, 107,015 মার্কিন ডলার
- সাফার্ন গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Suffern Fire Department), রকল্যান্ড কাউন্টি, 256,679 মার্কিন ডলার
- টিভোলি গ্রাম, ডাচেস কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার
- ওয়েস্ট ন্যাক ফায়ার ডিস্ট্রিক্ট (West Nyack Fire District), রকল্যান্ড কাউন্টি, 99,000 মার্কিন ডলার

মোহক ভ্যালি (8টি বরাদ্দ, মোট 3,857,616 মার্কিন ডলার)

- Caroga Lake Volunteer Fire Company Inc, ফুলটন (Fulton) কাউন্টি, 56,900 মার্কিন ডলার

- কলাম্বিয়া লিচফিল্ড ফায়ার ডিস্ট্রিক্ট (Columbia Litchfield Fire District), হারকাইমার (Herkimer) কাউন্টি, 126,730 মার্কিন ডলার
- মিডলবার্গ ফায়ার ডিপার্টমেন্ট (Middleburgh Fire Department), স্কহারি (Schoharie) কাউন্টি, 58,775 মার্কিন ডলার
- কুপার্সটাউন গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Cooperstown Fire Department), ওটসেগো কাউন্টি, 488,211 মার্কিন ডলার
- মিলফোর্ড গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Milford Fire Department), ওটসেগো কাউন্টি, 377,000 মার্কিন ডলার
- ওরিস্ক্যানি গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Oriskany Fire Department), ওনিডা (Oneida) কাউন্টি, 750,000 মার্কিন ডলার
- রিচফিল্ড স্প্রিংস গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Richfield Springs Fire Department), ওটসেগো কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার
- ওয়েস্ট এডমেস্টন ফায়ার ডিস্ট্রিক্ট (West Edmeston Fire District), ওটসেগো কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার

নর্থ কান্ট্রি (4টি বরাদ্দ, মোট 2,488,223 মার্কিন ডলার)

- অ্যাডামস সেন্টার ফায়ার ডিস্ট্রিক্ট (Adams Center Fire District), জেফার্সন কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার
- প্যারিশভিল ফায়ার ডিস্ট্রিক্ট (Parishville Fire District), সেইন্ট লরেন্স (St. Lawrence) কাউন্টি, 157,499 মার্কিন ডলার
- পোর্ট হেনরি ফায়ার ডিস্ট্রিক্ট #3 (Port Henry Fire District #3), এসেক্স কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার
- গাভার্নার (Gouverneur) টাউন/Gouverneur Fire Company Inc., সেইন্ট লরেন্স কাউন্টি, 330,724 মার্কিন ডলার

সাউদার্ন টিয়ার (8টি বরাদ্দ, মোট 3,031,569 মার্কিন ডলার)

- অ্যান্ডেজ জয়েন্ট ফায়ার ডিস্ট্রিক্ট (Andes Joint Fire District), ডেলাওয়্যার (Delaware) কাউন্টি, 40,200 মার্কিন ডলার
- Coventry Volunteer Fire Company, Inc., শেনাঙ্গো কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার
- ডেলহি জয়েন্ট ফায়ার ডিস্ট্রিক্ট (Delhi Joint Fire District), ডেলাওয়্যার কাউন্টি, 298,800 মার্কিন ডলার
- এরিন ফায়ার ডিস্ট্রিক্ট #1 (Erin Fire District #1), শেমাং (Chemung) কাউন্টি, 390,205 মার্কিন ডলার
- পেইন্টেড পোস্ট ফায়ার ডিপার্টমেন্ট (Painted Post Fire Department), স্টুবেন (Steuben) কাউন্টি, 261,578 মার্কিন ডলার
- কোলসভিল টাউনের ফায়ার ডিস্ট্রিক্ট #1 (Town of Colesville Fire District #1), ব্রুম (Broome) কাউন্টি, 593,000 মার্কিন ডলার
- ভেস্টাল ফায়ার ডিস্ট্রিক্ট (Vestal Fire District), ব্রুম কাউন্টি, 418,895 মার্কিন ডলার
- ওডেসা গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট (Village of Odessa Fire Department), স্কুইলার (Schuyler) কাউন্টি, 28,891 মার্কিন ডলার

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (7টি বরাদ্দ, মোট 3,342,841 মার্কিন ডলার)

- ফোর্কস ফায়ার ডিস্ট্রিক্ট নং 3 (Forks Fire District No. 3), ইরি (Erie) কাউন্টি, 182,576 মার্কিন ডলার
- Harris Hill Volunteer Fire Company, ইরি কাউন্টি, 453,849 মার্কিন ডলার
- Kiantone Independent Volunteer Fire Department Inc., শ্যাটাকোয়া (Chautauqua) কাউন্টি, 560,480 মার্কিন ডলার
- রিভার রোড ফায়ার ডিস্ট্রিক্ট #3 (River Road Fire District #3), ইরি কাউন্টি, 750,000 মার্কিন ডলার
- ইডেন (Eden) টাউনের ফায়ার ডিস্ট্রিক্ট, ইরি কাউন্টি, 373,911 মার্কিন ডলার
- এঙ্গোলা গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট, ইরি কাউন্টি, 1,000,000 মার্কিন ডলার
- ল্যাঙ্কেস্টার (Lancaster) গ্রাম, ইরি কাউন্টি, 22,025 মার্কিন ডলার

স্টেটের সিনেটর Rachel May (র‍্যাচেল মে) বলেন, "ভলান্টিয়ার দমকলকর্মীরা নিউ ইয়র্কবাসীর সেরা চরিত্রের উদাহরণ, যা হলো উদার মানসিকতা এবং প্রয়োজনের সময়ে প্রতিবেশীকে সাহায্য করার প্রতি নিবেদন। আমার ডিস্ট্রিক্টের সেনেট ফায়ার ডিপার্টমেন্টের জন্য এই তহবিল নিশ্চিত করতে সাহায্য করবে যাতে আগুন থেকে মানুষ ও সম্পত্তি সুরক্ষায় গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যাওয়ার জন্য তাদের প্রয়োজনীয় ফ্যাসিলিটি ও সরঞ্জাম তাদের কাছে থাকে। আমাদের কমিউনিটির এই সাহসী দমকলকর্মীদের সমর্থন করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ।"

স্টেটের সিনেটর Pete Harckham (পিট হারখ্যাম) বলেন, "প্রয়োজনীয় সরঞ্জাম ছাড়া আমাদের ফার্স্ট রেস্পন্ডাররা কার্যকরভাবে আমাদের কমিউনিটিগুলিকে সুরক্ষা দিতে পারেন না। বিউক্যাননের (Buchanan) মতো ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টগুলিতে এই বিনিয়োগ নিশ্চিত করবে যাতে নিরাপদে ও কার্যকরভাবে কাজ করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম তাদের কাছে থাকে এবং একই সাথে স্থানীয় করদাতাদের উপর আর্থিক চাপ কমাবে। এই তহবিল নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমার আইনসভার সহকর্মীদের এবং আমাদের ফার্স্ট রেস্পন্ডারদের জন্য দ্রুত এই গুরুত্বপূর্ণ তহবিল বিতরণ করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ।"

স্টেটের সিনেটর Monica R. Martinez (মনিকা আর মার্টিনেজ) বলেন, "আমাদের স্টেটকে আগুন থেকে সুরক্ষা দেওয়া ভলান্টিয়ারদের কাছে এই দায়িত্ব সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সবকিছু অবশ্যই থাকতে হবে। লং আইল্যান্ড (Long Island) সহ পুরো স্টেটের ডিপার্টমেন্টগুলিতে এই উল্লেখযোগ্য বিনিয়োগ নিউ ইয়র্কের ভলান্টিয়ার দমকলকর্মীদের জন্য আরো নিরাপদে ও কার্যকরভাবে জরুরি পরিস্থিতিতে সাড়াদান সক্ষমতা বাড়াবে।"

স্টেটের সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চি) বলেন, "আমরা V-FIRE প্রোগ্রামটি তৈরি করেছি কারণ আমাদের ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টগুলি আমাদের কমিউনিটিগুলির জন্য নিজেদের জীবন ঝুঁকিতে ফেলে, এবং তাদের সেবার চাহিদা দিন দিন বাড়তে থাকার এই সময়ে নিরাপদে কাজ করার জন্য তাদের আধুনিক সরঞ্জাম এবং জরুরি সাড়া দেওয়ার সক্ষমতা প্রয়োজন। হাডসন ভ্যালি (Hudson Valley) এবং ক্যাটস্কিলসে আমাদের অনেক ফায়ারহাউস সহ আরো অনেক জায়গায় V-FIRE তহবিলের দ্বিতীয় রাউন্ডের অর্থ বিতরণ হতে দেখে আমি

অত্যন্ত আনন্দিত। V-FIRE-এর মাধ্যমে অনুদান সমর্থন জননিরাপত্তার ক্ষেত্রে একটি সরাসরি সুবিধা প্রদান করে এবং মূলধনি প্রয়োজনের বেশি খরচের কারণে স্থানীয় করদাতাদের উপর আর্থিক চাপ প্রদান করা কমায়। এই তহবিলের প্রয়োজনীয়তা বুঝতে পারার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ এবং এই দ্বিতীয় রাউন্ডের জন্য নির্বাচিত সব ফায়ার ডিপার্টমেন্টকে অভিনন্দন। এই অঞ্চলের আরো ফায়ারহাউসগুলিকে সাহায্য করে এমন বিনিয়োগের জন্য আমরা অ্যাডভোকেসি চালিয়ে যাবো।"

স্টেটের সিনেটর Lea Webb (লিয়া ওয়েব) বলেন, "আমি এটি শুনে খুশি যে ভেস্টাল ফায়ার ডিস্ট্রিক্ট V-FIRE অনুদান প্রোগ্রামের মাধ্যমে 418,895 মার্কিন ডলার পাবে। এই স্টেট প্রোগ্রামটি আমাদের কমিউনিটিগুলিকে সুরক্ষা দিতে নিঃস্বার্থভাবে তাদের সময় দেওয়া আমাদের স্থানীয় ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টগুলিকে অতি গুরুত্বপূর্ণ আর্থিক সমর্থন প্রদান করে। এই তহবিলের মাধ্যমে, আমাদের স্থানীয় ডিপার্টমেন্ট তাদের স্থাপনা উন্নত করতে, সরঞ্জামের বাড়তে থাকা খরচের চাপ কমাতে, এবং তাদের ফার্স্ট রেস্পন্ডারদের সমর্থন করতে পারবে।

স্টেটের সিনেটর Pat Fahy (প্যাট ফাহি) বলেন, "নিউ ইয়র্ক স্টেটে, আমরা আমাদের ভলান্টিয়ার দমকলকর্মী এবং ফার্স্ট রেস্পন্ডারদের উপর ব্যাপকভাবে নির্ভর করি, তাই তাদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং ফ্যাসিলিটি ও জরুরি সাড়া দেওয়ার সক্ষমতা উন্নত করতে প্রয়োজনীয় অনুদান তহবিল দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। V-FIRE অনুদান প্রোগ্রামটি বাসিন্দা এবং ফার্স্ট রেস্পন্ডার উভয়ের নিরাপত্তা উন্নত করে, সরঞ্জাম উন্নয়ন এবং এক্সহস্ট অপসারণ ব্যবস্থার মাধ্যমে কার্সিনোজেনের সংস্পর্শ কমায় এবং প্রশিক্ষণে রেকর্ড বিনিয়োগের সুযোগ তৈরি করে। স্কটিয়ার (Scotia) বিউকেন্ডাল নং 5 ফায়ার ডিস্ট্রিক্টের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলারের সামান্য কম এই অনুদান উপকরণের বাড়তে থাকা খরচের আর্থিক চাপ কমাবে এবং অগ্রাহ্য করা যায় না এমন নিরাপত্তা উন্নয়নের খরচ বহন করা থেকে বাসিন্দাদের রক্ষা করবে। আমাদের বাসিন্দাদের জন্য ভলান্টিয়ার ডিপার্টমেন্টগুলিতে বিনিয়োগের মাধ্যমে এই প্রয়োজন পূরণ করার জন্য এবং নিউ ইয়র্কের ভলান্টিয়ার ফায়ার সার্ভিসের নিরাপত্তা ও প্রশিক্ষণকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য John T. McDonald III (জন টি ম্যাকডোনাল্ড দ্য থার্ড), RPh, বলেন, "আমি আমাদের নিউ ইয়র্ক স্টেটের বাজেটগুলিতে Volunteer Fire Infrastructure & Response Equipment অনুদান প্রোগ্রামকে সমর্থন করেছি এবং আমাদের ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টগুলি, যারা শুধু আমাদের সুরক্ষা দেন না, বরং করদাতাদের অর্থ সাশ্রয় করতেও সাহায্য করেন, তাদের জন্য অনুদান তহবিলের বরাদ্দ দিতে দেখে আমি কৃতজ্ঞ। V-FIRE অনুদান প্রোগ্রামটি আমাদের ভলান্টিয়ার দমকলকর্মীদের সমর্থন করে এবং আধুনিক সরঞ্জাম ও স্থাপনার মাধ্যমে তাদের নিরাপদ রাখতে সাহায্য করে। এই প্রোগ্রাম, Volunteer Firefighter Stipend প্রোগ্রাম, এবং অন্যান্য আইন প্রণয়নের উদ্যোগ হলো এমন নীতিমালার উদাহরণ যা আমরা আমাদের ভলান্টিয়ার ফায়ার ডিপার্টমেন্টগুলিকে এটি দেখানোর জন্য বাস্তবায়ন করেছি যে তাদের সব কাজের জন্য আমরা কৃতজ্ঞ এবং আমাদের ভলান্টিয়ার দমকলকর্মী এবং তাদের গুরুত্বপূর্ণ কাজকে আমরা সমর্থন করতে থাকবো।"

অ্যাসেম্বলির সদস্য Steve Stern (স্টিভ স্টার্ন) বলেন, "হান্টিংটন ম্যানর ফায়ার ডিস্ট্রিক্টের জন্য উল্লেখযোগ্য মূলধনি অনুদান তহবিল প্রদান করার জন্য আমি গভর্নর Kathy Hochul

(ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসকে ধন্যবাদ জানাচ্ছি। এই অনুদান সেইসব বীরোচিত ও নিঃস্বার্থ কমিউনিটি সদস্যদের জন্য স্থাপনার উন্নয়ন এবং সরঞ্জাম উন্নয়নকে সমর্থন করবে যারা নিজেদের জীবন ঝুঁকিতে ফেলেন, পরিবারের কাছ থেকে দূরে থাকেন এবং আমাদের বাড়িঘর ও পরিবারের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশিক্ষণে উল্লেখযোগ্য সময় ব্যয় করেন। পাশাপাশি, এই তহবিল এছাড়াও আমাদের স্থানীয় দমকলকর্মীদের সরঞ্জাম ও প্রশিক্ষণ স্থাপনা উন্নত করার জন্য অত্যন্ত প্রয়োজনীয় সংস্থান প্রদান করে বাসিন্দাদের উপর করের চাপ কমাতে সাহায্য করবে, আমাদের কৃতজ্ঞতা ও অর্থপূর্ণ সমর্থন তাদের প্রাপ্য।"

অ্যাসেম্বলির সদস্য Judy Griffin (জুডি গ্রিফিন) বলেন, "আমি এটি দেখে খুশি যে V-FIRE অনুদান প্রোগ্রামের মাধ্যমে লিনব্রুক গ্রামের ফায়ার ডিপার্টমেন্ট 189,500 মার্কিন ডলার পাবে। এই বিনিয়োগ সেই সাহসী নারী পুরুষদের সমর্থন করতে সাহায্য করবে যারা আমাদের কমিউনিটির সব থেকে প্রয়োজনের সময় ডাকে সাড়াদান করেন, এবং একই সাথে স্থানীয় করদাতাদের উপর থেকে আর্থিক চাপ কমাবে। LFD-এর ভলান্টিয়ার দমকলকর্মীরা দক্ষতার সাথে লিনব্রুক এবং বৃহত্তর কমিউনিটিকে সেবা দেন, এবং তাদের নিবেদন, অধ্যবসায় ও ত্যাগের জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ। লিনব্রুক ব্যস্ত ডাউনটাউন সহ একটি প্রাণবন্ত গ্রাম, তাই ডিপার্টমেন্টটির নিয়মিতভাবে সরঞ্জাম ও যানবাহন উন্নত করার পাশাপাশি তাদের ফায়ারহাউসগুলির রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয়। এই গুরুত্বপূর্ণ তহবিল তাদের জরুরি সাড়া দেওয়ার সক্ষমতা জোরদার করবে, নিশ্চিত করবে যাতে তারা আমাদের 20,000-এর বেশি বাসিন্দাকে নিরাপদে ও কার্যকরভাবে সুরক্ষা দিতে পারে। আমাদের ভলান্টিয়ার দমকলকর্মীরা যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তা স্বীকার করার জন্য এবং লিনব্রুকের মতো নাসাউ কমিউনিটিগুলির নিরাপত্তায় ধারাবাহিকভাবে বিনিয়োগ করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।

অ্যাসেম্বলির সদস্য Marianne Buttenschon (মারিয়েন বাটেনশন) বলেন, "আমরা যেখানে বসবাস করি, কাজ করি এবং যাতায়াত করি, সেই কমিউনিটিগুলিকে সুরক্ষা ও সেবা দিতে আমাদের ভলান্টিয়ার দমকলকর্মীরা প্রতিদিন যে কাজ করেন, তার জন্য আমি অত্যন্ত গর্বিত। আমাদের যখনই তাদের প্রয়োজন হয়, তারা সবসময় সেখানে থাকেন, এবং তাদের নিবেদন ও ত্যাগের জন্য আমি কৃতজ্ঞ। ওরিস্ক্যানি ফায়ার ডিপার্টমেন্টকে এই গুরুত্বপূর্ণ তহবিল পেতে দেখে আমি কৃতজ্ঞ, এবং ভবিষ্যতের রাউন্ডগুলিতে আমার ডিস্ট্রিক্টের ভলান্টিয়ার ডিপার্টমেন্টগুলি যাতে তহবিল পাওয়ার জন্য বিবেচিত হওয়ার সুযোগ পায় তা নিশ্চিত করতে আমি অ্যাডভোকেসি চালিয়ে যাবো।"

অ্যাসেম্বলির সদস্য Dana Levenberg (ডানা লেভেনবার্গ) বলেন, "আমাদের ভলান্টিয়ার দমকলকর্মী এবং তারা যেসব কমিউনিটিকে সুরক্ষা দেন, তারা সব সেরা সরঞ্জাম ও অবকাঠামোর দাবিদার। Buchanan Engine Company No. 1-এর জন্য 425,000 মার্কিন ডলারের অনুদান একটি দারুণ খবর। আমার ডিস্ট্রিক্টের জননিরাপত্তার প্রয়োজনের প্রতি ধারাবাহিক মনোযোগ দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এবং তার প্রশাসনের প্রতি আমি অত্যন্ত কৃতজ্ঞ।"

স্টেটের অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল সম্পর্কে

অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (Office of Fire Prevention and Control) দমকল কর্মী, জরুরি সাড়াদানকারী, স্টেট এবং স্থানীয় সরকারের এজেন্সি, সরকারি এবং বেসরকারি কলেজ, এবং নিউ ইয়র্কের নাগরিকদের জন্য অনেক ধরণের সেবা দিয়ে থাকে। অফিসটি দমকল ট্রেনিং, শিক্ষা, আগুন প্রতিরোধ, তদন্ত, বিশেষ অপারেশন, এবং টেকনিক্যাল উদ্ধার প্রোগ্রামের মাধ্যমে জননিরাপত্তা অগ্রসর করে। অতি প্রয়োজনীয় এই সেবা দেওয়ার ফলে অফিসটির জন্য নিউ ইয়র্ক স্টেটের সকলের নিরাপত্তায় উল্লেখযোগ্য অবদান রাখা সম্ভব করে।

স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস টেরোরিজম, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, আগুন এবং অন্যান্য জরুরি অবস্থার প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এগুলির জন্য প্রস্তুতি নেওয়া, সাড়াদান, এবং পুনরুদ্ধারের চেষ্টার ব্যাপারে নেতৃত্ব, সমন্বয় এবং সমর্থন দিয়ে থাকে। আরো তথ্যের জন্য DHSES-এর Facebook পেজ ভিজিট করুন, X-এ @NYSDHSES-কে ফলো করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

রিয়েল টাইম জরুরি এবং আবহাওয়ার অ্যালার্ট টেক্সট সরাসরি আপনার ফোনে পান। নাম লেখানোর জন্য এখনই আপনার বসবাসের কাউন্টি বা বরোর নাম 333111 নম্বরে টেক্সট করুন। আরো জানুন dhses.ny.gov/emergency-alerts-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।